পঁচাত্তর-পরবর্তি বঙ্গবন্ধু পরিবারের অভিভাবক ছিলেন রাজিয়া নাসের -বিএম মোজাম্মেল হক

আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক বলেছেন, পঁচাত্তর-পরবর্তি বঙ্গবন্ধু পরিবারের অভিভাবক ছিলেন রাজিয়া নাসের। তখন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাচিনা ও তার ছোট বোন শেখ রেহানাকে তিনি আগলে রেখে ছিলেন। তার এই অসামান্ন অবদানের কথা জাতী আজীবন মনে রাখবে। শুক্রবার বিকালে বাগেরহাট জেলা পরিষদের অডিটরিয়ামে বাগেরহাট -১ আসনের এমপি শেখ হেলাল উদ্দিনের মা এবং বাগেরহাট-২ আসনের এমপি শেখ সারহান নাসের তন্ময়ের দাদী শেখ রাজিয়া নাসেরের স্মরণ সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, দলের ভিতর মতভেদ থাকবে, প্রতিদ্বন্ধিতা থাকবে, প্রতিযোগীতা থাকবে তার পরও সবাইকে এ সাথে কাজ করতে হবে। তা না হলে অপশক্তিরা আবার মাথাছাড়া দিয়ে উঠবে। আগামীতে স্থানীয় সরকারগুলোর নির্বাচনে সবাইকে নৌকার পক্ষে কাজ করতে হবে।
জলা আওয়ামী লীগে ও অংগ সংগঠনের আয়োজনে এ স্মরণ সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন, কেন্দ্রীয় কমিটির সদস্য আমিরুল আলম মিলন এমপি, জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা শেখ কামরুজ্জামান টুকু, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক খান হাবিবুর রহমান, আওয়ামী লীগ নেতা ফরিদুল ইসলাম, ভূইয়া হেমায়েত উদ্দিন, সরদার ফকরুল আলম সাহেব, মনোয়ার হোসেন টগর, নকিব নজিবুল হক নজু, সরদার নাসির উদ্দীন, শেখ আক্তারুজ্জামান বাচ্চু, ইবনে মিজান হিরু, জেলা তাঁতী লীগের সভাপতি তালুকদার আব্দুল বাকী প্রমুখ।

গত ১৬ নভেম্বর রাতে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এমপি শেখ হেলাল উদ্দিনের মা ও এমপি শেখ সারহান নাসের তন্ময়ের দাদী রাজিয়া নাসের মৃত্যু বরণ করেন।